

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
(পার-৩ অধিশাখা)
www.mohfw.gov.bd

নং-৪৫.১৪৪.০৮০.০০.০০১.২০১৫-১৪৪


তারিখ: ২৫.০২.২০২০ খ্রিঃ

বিষয় : বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার/স্বাস্থ্য সার্ভিসের কর্মকর্তাদের সিনিয়র কনসালটেন্ট পদে পদোন্নতির নিমিত্তে স্বাস্থ্য অধিদপ্তর হতে প্রাপ্ত খসড়া তালিকা প্রকাশ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার/স্বাস্থ্য সার্ভিসের কর্মকর্তাদের সিনিয়র কনসালটেন্ট পদে পদোন্নতির উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে ০১.১০.২০১৯ তারিখ হতে ০৬.১১.২০১৯ তারিখের মধ্যে অনলাইনে আবেদন ও হার্ডকপি জমা প্রদানের প্রেক্ষিতে স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রস্তুতকৃত বিভিন্ন বিষয়ের কর্মকর্তাদের তথ্য সম্বলিত খসড়া তালিকা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে (যা কর্মকর্তাদের আবেদনের ভিত্তিতে তৈরী এবং তা কোনরূপ জ্যেষ্ঠতার তালিকা নহে)। প্রাপ্ত তালিকা মন্ত্রণালয় ও স্বাস্থ্য সেবা বিভাগের ওয়েবসাইটে (www.mohfw.gov.bd এবং www.hsd.gov.bd) প্রকাশ করা হলো।

খসড়া তালিকায় চাকুরী স্থায়ীকরণ, সিনিয়র স্কেল পাশসহ অন্যান্য তথ্যের ঘাটতির বিষয় শূণ্য (০) দ্বারা চিহ্নিত করা হয়েছে। তথ্যে কোনরূপ অসামঞ্জস্য প্রতিয়মান হলে তা আগামী ২৯/০২/২০২০ তারিখের মধ্যে per3@hsd.gov.bd মেইলে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। উক্ত সময়ের পর প্রাপ্ত কোন ধরনের তথ্যাদি বিবেচিত হবে না। এখানে উল্লেখ্য যে, স্বাস্থ্য অধিদপ্তরের অনলাইনে আবেদন পত্র জমা ও হার্ডকপি জমার সর্বশেষ তারিখ (০৬.১১.২০১৯) এর পরবর্তী সময়ে দাখিলকৃত আবেদনপত্র এবং পরীক্ষায় উত্তীর্ণ সংক্রান্ত অর্জিত কোন প্রমানব তথ্যাদি গ্রহনযোগ্য হবে না।

উল্লেখ্য, সিনিয়র কনসালটেন্ট পদে পদোন্নতির জন্য সংশ্লিষ্ট বিষয়ে উচ্চতর/ডিপ্লোমা ডিগ্রীসহ অন্যান্য শর্তের পাশাপাশি চাকুরি নিয়মিতকরণ, চাকুরি স্থায়ীকরণ, সিনিয়র স্কেল পরীক্ষা উত্তীর্ণ এবং বিগত ০৫ (পাঁচ) বছরের (২০১৪-২০১৮) এসিআর অত্যাাবশ্যক। আরো উল্লেখ্য যে, বিধি অনুযায়ী চাকুরির বয়স ১৫ বছর অথবা সংশ্লিষ্ট কর্মকর্তার বয়স ৫০ বছর পূর্ণ হলে তিনি সিনিয়র স্কেল পাশ হতে অব্যাহতি পাবেন।


২০/২/২০২০
(উম্মে রেহানা)
উপসচিব

ফোন নং ৯৫৪৯১২৮
Per3@hsd.gov.bd

অনুলিপিঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিব লয়, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।